শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা-০১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.০৫৭.২০-২৭

তারিখ: ৪ আশ্বিন ১৪২৭
১৯ সেপ্টেম্বর ২০২০

বিষয়: **চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলাধীন হযরত চিকন খলিফা সিদ্দিক আহমদ দাখিল মাদ্রাসা-এর BSR এ পরিদর্শন প্রতিবেদনের আলোকে BSR যথাযথভাবে প্রণীত না হওয়ায় প্রমাণকসহ BSR পুনরায় টিএমইডি-তে প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: (১) DIA-এর স্মারক নং-ডিআইএ/চট্টগ্রাম/১১১৪-এম/চট্ট: ১৫০০, তারিখ: ২০/১২/২০১৮ খ্রি:
(২) DME-এর স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৯.০১৮.১৮-১০৫, তারিখ: ১০/০৮/২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলাধীন হযরত চিকন খলিফা সিদ্দিক আহমদ দাখিল মাদ্রাসা-এর BSR টিএমইডি-তে পাওয়া গেছে।

০২. প্রাপ্ত BSR টি পর্যালোচনায় নিম্নবর্ণিত ত্রুটি পরিলক্ষিত হয় :

| পরিদর্শন প্রতিবেদনের ক্রমিক নং | ডিআইএ এর আপত্তি | ডিআইএ এর আপত্তির আলোকে ডিএমই এর মতামত | ডিজি, ডিএমই এর মতামতের প্রেক্ষিতে টিএমইডি এর মন্তব্য | পরবর্তী করণীয় বিষয়ে টিএমইডি'র নির্দেশনা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ (চ) | বছর শেষে স্টক টেকিং করা হয় না। স্টক টেকিং কমিটির প্রতিবেদন মোতাবেক প্রতিষ্ঠানের যাবতীয় অস্থাবর সম্পত্তির স্টক টেকিংয়ের ব্যবস্থা করতে হবে। | জবাব গ্রহণযোগ্য বিধায় আপত্তি নিষ্পত্তি করা যেতে পারে। | বর্তমানে স্টক টেকিং করা হয় কিনা এবং প্রতিষ্ঠানের অস্থাবর সম্পত্তির ব্যবস্থাপনা করা হয় কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | পরিদশন প্রতিবেদনের নিদেশনা বাস্তবায়নপূর্বক প্রমাণকসহ পুনরায় বিএসআর আগামী ১৫.১০.২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। |
| ১ (ছ) | রেজিস্টারসমূহ চালু করতে হবে এবং তাহা যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। | জবাব গ্রহণযোগ্য বিধায় আপত্তি নিষ্পত্তি করা যেতে পারে। | বর্তমানে রেজিষ্টার চালু করা হয়েছে কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |
| ১ (ঢ) | উপবৃত্তির টাকা প্রতিষ্ঠানের কলামনার ক্যাশ বহিতে উপবৃত্তির টাকা এন্ট্রি করা হয় না। | জবাব গ্রহণযোগ্য বিধায় আপত্তি নিষ্পত্তি করা যেতে পারে। | বর্তমানে উপবৃত্তির টাকা কলামনার ক্যাশ বহিতে এন্ট্রি করা হয় কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ (খ) | প্রতিষ্ঠানে শিক্ষার্থী ঝড়ে পড়ার হার কমিয়ে আনার সুপারিশ করা হলো। | ঝড়ে পড়া শিক্ষার্থীর হার কমিয়ে আনার শর্তে আপত্তি নিষ্পত্তিযোগ্য। | বর্তমানে ঝড়ে পড়ার হার কমিয়ে আনা হয়েছে কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই । | ঐ |
| ৩ (গ) ৪ | প্রতি শিক্ষাবর্ষের প্রথমে প্রণীত বার্ষিক পাঠ পরিকল্পনা তৈরি করে প্রত্যেক শিক্ষার্থীকে সরবরাহ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে পাঠ পরিকল্পনা সমাপ্ত করতে হবে। | একাডেমিক সুপারভিশন সংক্রান্ত সকল শিক্ষামূলক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন/পরিচালনা করার শর্তে আপত্তি নিষ্পত্তিযোগ্য। | বর্তমানে পাঠ পরিকল্পনা তৈরি করা হয়েছে কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |
| ৩ (ঘ)২ | প্রতিষ্ঠানটিতে পাবলিক পরীক্ষার মান সন্তোষজনক হলেও বিজ্ঞান বিভাগে পরীক্ষার্থীর সংখ্যা কম। বিজ্ঞান বিভাগসহ সকল বিভাগে পরীক্ষার্থী সংখ্যা বৃদ্ধিসহ পরীক্ষার ফলাফলের গুণগত মান আরও উন্নত করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | গৃহীত পদক্ষেপের তথ্য প্রেরণের শর্তে আপত্তি নিষ্পত্তি করা যেতে পারে। | বর্তমানে বিজ্ঞান বিভাগ বিষয়ে কোন পদক্ষেপ নেয়া হয়েছে কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |
| ৩ (ঘ)৪ | বিগত ৩ বছরে শুধুমাত্র ২০১৫ সনে ০১ জন পরীক্ষার্থী জুনিয়র বৃত্তি লাভ করে। প্রতি বছর অধিক সংখ্যক পরীক্ষার্থী জুনিয়র বৃত্তি প্রাপ্তির লক্ষ্যে জেডিসি পরীক্ষার্থীদেরকে বিশেষ পাঠদান করতে হবে। | গৃহীত পদক্ষেপের তথ্য এবং এর ফলাফল প্রেরণ করার শর্তে আপত্তি নিষ্পত্তি করা যেতে পারে। | বর্তমানে আপত্তি বিষয়ে কোন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |
| ৪ (ক) | ১. নিয়মিতভাবে আয়-ব্যয়ন কর্মকর্তা হিসেবে প্রতিষ্ঠান প্রধানকে ক্যাশ বহিতে স্বাক্ষর করতে হবে।<br>২. কর্মরত শিক্ষকদের সমন্বয়ে ক্রয় কমিটি গঠন করতে হবে। ক্রয় কমিটির মাধ্যমে প্রতিষ্ঠানের সকল মালামাল ক্রয় করতে হবে এবং মজুদ রেজিস্টারে তাহা যথাসময়ে এন্ট্রি করতে হবে। পর্যায়ক্রমে সকল শিক্ষককে ক্রয় কমিটিতে অন্তর্ভূক্ত করতে হবে।<br>৩. প্রতিষ্ঠানের সকল আয় সাধারণ তহবিলের ব্যাংক হিসাবে জমা করতে হবে। প্রয়োজনে ব্যাংক হতে উত্তালন করে ব্যয় করতে হবে।<br>৪. অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতি তিন মাস অন্তর করা হয় না। শিক্ষকদের সমন্বয়ে তিন সদস্যবিশিষ্ট অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি গঠন করে প্রতি তিন মাস অন্তর প্রতিষ্ঠানের সকল আয়-ব্যয় নিরীক্ষা করতে হবে। | প্রতিষ্ঠানের সকল আয়-ব্যয় হিসাব সুষ্ঠুভাবে সম্পাদন/পরিচালনা করার শর্তে, প্রযোজ্য ক্ষেত্রে রাজস্ব ষ্ট্যাম্প ব্যবহার করা, আয়কর কর্তন করা, ভ্যাট কর্তন করা, টেন্ডার করা এবং প্রতিষ্ঠানের আয় অনুযায়ী ব্যয় করার শর্তে আপত্তি নিষ্পত্তি করা যেতে পারে। | বর্তমানে আয়-ব্যয় সংক্রান্ত আপত্তিটি সম্পাদন করা হয়েছে কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |

০২. ডিআইএ এর পরিদর্শন প্রতিবেদনের প্রতিটি নির্দেশনা বাস্তবায়নক্রমে সেমতে BSR প্রণয়নপূর্বক টিএমইডি-তে প্রেরণ এবং সে সাথে পরিদর্শন প্রতিবেদনের নির্দেশনার আলোকে প্রতিটি BSR তৈরিক্রমে টিএমইডি-তে প্রেরণ করাও আবশ্যক ।

০৩. এমতাবস্থায়, উপরিউক্ত মতে ডিআইএ এর পরিদর্শন প্রতিবেদনের নিদেশনার আলোকে ছকে বর্ণিত ৫ নং

কলামের নির্দেশনা মোতাবেক ডিআইএ এর নিদেশনা বাস্তবায়নক্রমে সে অনুযায়ী BSR পুনরায় তৈরিপূর্বক আগামী ১৫.১০.২০২০ খ্রি. তারিখের মধ্যে প্রমাণকসহ টিএমইডি-তে প্রেরণ নিশ্চিত করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো এবং সে সাথে ভবিষ্যতে BSR প্রেরণের সময় অধিকতর সতর্কতা অবলম্বনের জন্যও মহোদয়কে অনুরোধ করা হলো।

২০-৯-২০২০
নূরজাহান বেগম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক,মাদরাসা শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ গার্লস গাইড এসোসিয়েশন
গাইড হাউজ,১০ম তলা, নিউ বেইলী রোড, ঢাকা।
স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.০৫৭.২০-২৭/১(৯)

তারিখ: ৪ আশ্বিন ১৪২৭
১৯ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব মহোদয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
৪) জনসংযোগ কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫) সভাপতি, ম্যানেজিং কমিটি, হযরত চিকন খলিফা সিদ্দিক আহমদ দাখিল মাদ্রাসা, পটিয়া, চট্টগ্রাম।
৬) সুপার, হযরত চিকন খলিফা সিদ্দিক আহমদ দাখিল মাদ্রাসা, পটিয়া, চট্টগ্রাম।
৭) অতিরিক্ত সচিব (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮) উপ-সচিব (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯) অফিস কপি, মাস্টার কপি।

২০-৯-২০২০
নূরজাহান বেগম
সিনিয়র সহকারী সচিব